রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

নমুনা প্রশ্ন

শ্রেণিঃ দশম

বিষয়ঃ হিসাববিজ্ঞান (বিষয় কোডঃ ১৪৬)

**প্রশ্নের ধরণঃ** বহুনির্বাচনী প্রশ্ন থাকবে ৩০ টি প্রতিটির মান ১ অর্থাৎ বহুনির্বাচনী প্রশ্নের পূর্ণমান হবে ৩০ এবং সময় ৩০ মিনিট। সৃজনশীল পরীক্ষার সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট এবং পূর্ণমানঃ ৭০। হিসাববিজ্ঞান বিষয়ে সর্বমোট নম্বর হবে ১০০ ।

[ সৃজনশীল প্রশ্নে দুটি বিভাগ থাকে ১) 'ক' বিভাগঃ ক বিভাগে ১০ম অধ্যায়-আর্থিক বিবরণী হতে ২ টি প্রশ্ন থাকবে এবং ২ টি প্রশ্নে উত্তর প্রদান বাধ্যতামূলক ও ২) 'খ' বিভাগঃ খ বিভাগে ১০ম অধ্যায় বাদে অন্যান্য অধ্যায় হতে মোট ৯ টি প্রশ্ন থাকবে এবং খ বিভাগ হতে যেকোন ৫ টি প্রশ্নের উত্তর দিতে হবে। ক বিভাগ ও খ বিভাগ হতে সর্বমোট ৭ টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

নিম্নে সৃজনশীল প্রশ্নের কিছু নমুনা প্রশ্ন উল্লেখ করা হলো।

ক-বিভাগ (অধ্যায়ঃ ১০ আর্থিক বিবরণী)

১। নিচের রেওয়ামিলটি রাহাত ট্রেডার্সের হিসাব বহি থেকে নেওয়া হয়েছেঃ

রাহাত ট্রেডার্স

রেওয়ামিল

৩০ জুন ২০১৭

| ক্র | হিসাবের নাম | খ.পৃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ক্রয় ও বিক্রয় | | ১,০০,০০০ | ২,৮৫,০০০ |
| ২. | প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | | ৭০,০০০ | ৯০,০০০ |
| ৩. | উত্তোলন ও মূলধন | | ৮০,০০০ | ১,৫০,০০০ |
| ৪. | ফেরত | | ১০,০০০ | ৭,৫০০ |
| ৫. | বহিঃ পরিবহন | | ১৬,৫০০ | |
| ৬. | উত্তোলনের সুদ | | | ৫,০০০ |
| ৭. | ভাড়া | | ১২,০০০ | |
| ৮. | ব্যাংক চার্জ | | ৩,০০০ | |
| ৯. | কু-ঋণ সঞ্চিতি | | | ৪,৫০০ |
| ১০. | নগদ বাট্টা | | ৮,৫০০ | ১০,০০০ |
| ১১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৫২,০০০ | |
| ১২. | স্থায়ী সম্পদ | | ২,০০,০০০ | |
| | মোট | | ৫,৫২,০০০ | ৫,৫২,০০০ |

সমন্বয়সমূহঃ ১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২০,০০০ টাকা যার বাজারমূল্য ২২,০০০ টাকা। ২) প্রাপ্য হিসাবের ১০% কুঋণ সঞ্চিতি হিসাবভুক্ত করো। ৩) স্থায়ী সম্পদের ৫% অবচয় ধরতে হবে। ৪) ধারে বিক্রয় ১৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

ক) নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় করো। ২

খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত বছরের মোট মুনাফা / ক্ষতি নির্ণয় করো। ৪

গ) মোট মুনাফা ১,৭২,০০০ টাকা ধরে রাহাত ট্রেডার্সের সমাপ্ত বছরের জন্য নিট মুনাফা / ক্ষতি নির্ণয় করো। ৪

২। মেসার্স আলো ট্রেডার্স-এর রেওয়ামিল নিম্নরুপঃ

রেওয়ামিল

৩১ ডিসেম্বর-২০১৭ তারিখে

| ক্র | হিসাবের নাম | খ.পৃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১৩. | প্রারম্ভিক মজুদ | | ৩৪,০০০ | |
| ১৪. | ক্রয় ও বিক্রয় | | ১,০০,০০০ | ১,৪০,০০০ |
| ১৫. | বেতন | | ১২,০০০ | |
| ১৬. | দেনাদার ও পাওনাদার | | ১৬,০০০ | ৪০,০০০ |
| ১৭. | ফেরত | | ৩,০০০ | ৫,০০০ |
| ১৮. | ব্যাংক জমা ও ঋণ | | ৪৫,০০০ | ১৩,০০০ |
| ১৯. | দালানকোঠা ও প্রদেয় বিল | | ৫৫,০০০ | ২০,০০০ |
| ২০. | উত্তোলন ও মূলধন | | ১৩,০০০ | ৭০,০০০ |
| ২১. | হাতে নগদ | | ১০,০০০ | |
| | মোট | | ২,৮৮,০০০ | ২,৮৮,০০০ |

সমন্বয়সমূহঃ ১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২৫,০০০ টাকা। ২) প্রতি মাসের বেতন ১,৫০০ টাকা ধরতে হবে। ৩) ব্যাংক জমার ওপর ৭% ও ঋণের ওপর ১০% সুদ ধরতে হবে। ৪) দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়।

ক) প্রাপ্য সুদ ও প্রদেয় সুদের পার্থক্য নির্ণয় কর। ২

খ) প্রদত্ত তথ্যের আলোকে নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৩। ফালগুনী এন্টারপ্রাইজ-এর ২০১৬ সালের মোট লাভের পরিমাণ ৩৫,০০০ টাকা। ২০১৬ সালে উক্ত প্রতিষ্ঠানের রেওয়ামিলটি নিম্নরুপঃ

| **হিসাবের নাম** | **ডেবিট টাকা** | **ক্রেডিট টাকা** |
|---|---|---|
| মূলধন | | ১,৩০,০০০ |
| উত্তোলন | ১৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৪৬,০০০ | ৫১,০০০ |
| হাতে নগদ | ৫,০০০ | |
| ব্যাংক জমা | ১০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ২৭,০০০ | |
| দালানকোঠা | ৫০,০০০ | |
| বেতন | ৭,০০০ | |
| ভাড়া | ১০,০০০ | |
| বিক্রয় ফেরত | ৪,০০০ | |
| বিবিধ দেনাদার | ১৮,০০০ | |
| বিবিধ পাওনাদার | | ১২,০০০ |
| শিক্ষানবিশ সেলামী | | ২,০০০ |
| অনাদায়ী দেনা | ৩,০০০ | |
| **মোট** | **১,৯৫,০০০** | **১,৯৫,০০০** |

সমন্বয়সমূহঃ

১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২৮,০০০ টাকা ও বাজারমূল্য ৩০,০০০ টাকা।
২. বকেয়া বেতন ১,৫০০ টাকা এবং অগ্রিম ভাড়া ২,০০০ টাকা।
৩. বাকিতে পণ্য বিক্রয় ৬,০০০ টাকা হিসাবভূক্ত করা হয়নি।

ক) ফালগুনী এন্টারপ্রাইজের বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ নিরূপণ কর। ২
খ) ফালগুনী এন্টারপ্রাইজের নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪
গ) ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে ফালগুনী এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী তৈরী কর। ৪

৪। মি. মীর হোসেন একজন ব্যবসায়ী। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার খতিয়ানের উদ্বৃত্ত ও অন্যান্য তথ্যাবলি নিম্নরুপ-

রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০১৬

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন (০১-০১-২০১৬) | | ৯০,০০০ |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৭৬,০০০ | ১,৮০,০০০ |
| মজুরি | ১৫,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| বিমা প্রিমিয়াম | ৪,৫০০ | |
| আনাদায়ী দেনা | ২,০০০ | |
| অনাদায়ী দেনা সঞ্চিতি | | ১,৫০০ |
| নগদ বাট্টা প্রাপ্তি | | ১,৫০০ |
| হাতে নগদ | ৭,০০০ | |
| ক্রয়ের ওপর বাট্টা | | ১,০০০ |
| বিবিধ দেনাদার | ৫০,০০০ | |
| ফেরত | ১,৫০০ | ২,০০০ |
| মোট | ২,৭৬,০০০ | ২,৭৬,০০০ |

সমন্বয়সমূহঃ
১. সামাপনী মজুদ পণ্যের ক্রয় মূল্য ৬০,০০০ টাকা এবং বাজার মূল্য ৫০,০০০ টাকা।
২. মজুরি বকেয়া রয়েছে ২,০০০ টাকা।
৩. স্থায়ী সম্পত্তির ওপর ১০% অবচয় ধরতে হবে; বিমা প্রিমিয়াম ৩১-০৩-২০১৭ পর্যন্ত দেয়া আছে।

ক) নিট ক্রয়ের পরিমাণ কত? ২
খ) মি. মীর হোসেনের ২০১৬ সালের মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ) নিট মুনাফার অনুপাত ও চলতি অনুপাত নির্ণয় কর। (নিট মুনাফা ৮৮,১২৫ টাকা) ৪

৫। সুমঙ্গল এন্ড সন্স একটি একমালিকি আসবাবপত্র ব্যবসায়ী। এর হিসাবরক্ষক নিচের রেওয়ামিলটি প্রস্তুত করেছেন।

রেওয়ামিল (৩১ ডিসেম্বর-২০১৬)

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় ও বিক্রয় | ১,৪৭,০০০ | ২,৯০,০০০ |
| পণ্য ফেরত | ৪,০০০ | ৩,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| আন্তঃপরিবহন | ২,০০০ | |
| বহিঃপরিবহন | ৮০০ | |
| বীমা প্রিমিয়াম | ৫,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২,৫০০ | |
| ব্যাংকে জমা | ১৫,০০০ | |
| মূলধন | | ৫,০০,০০০ |
| দেনাদার | ৭,০০০ | |
| পাওনাদার | | ১০,০০০ |
| যন্ত্রপাতি | ২,৮০,০০০ | |
| জমি | ৪,৭৩,২০০ | |
| ১০% ঋণ (২০২০ তে প্রদেয়) | | ১,০০,০০০ |
| পুঞ্জিভুত অবচয়-যন্ত্রপাতি | | ৫৬,০০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৫০০ |
| মজুদ পণ্য (১ জানুয়ারি-২০১৫) | ৩,০০০ | |
| মোট | ৯,৫৯,৫০০ | ৯,৫৯,৫০০ |

সমন্বয়সমূহঃ
সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫,০০০ টাকা ও বাজারমূল্য ৪,০০০ টাকা।
৪. যন্ত্রপাতির অবচয় ১০% ধরতে হবে।
৫. বেতন ৬,০০০ টাকা বকেয়া আছে।
৬. বীমা প্রিমিয়াম অগ্রীম দেয়া আছে ২,৫০০ টাকা।
৭. সম্ভাব্য অনাদায়ী পাওনা ১০% ধরতে হবে।
৮. ঋণের সুদ বকেয়া আছে।

ক) নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ) সুমঙ্গল এন্ড সন্সের মোট লাভ বা ক্ষতি নির্ণয় কর (বিশদ আয় বিবরণীর ছকে)। ৪
গ) সুমঙ্গল এন্ড সন্সের নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর । (বিশদ আয় বিবরণীর ছকে) ৪

৬। জনাব নিখিল চন্দ্রের ব্যবসায়ের ৩০-০৬-২০১৫ তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরুপঃ

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ৩,০০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৯০,০০০ | ২,০০,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৮২,০০০ | ৪২,০০০ |
| অন্তর্মুখী ফেরত | ৪,০০০ | |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ৬,০০০ | ১১,০০০ |
| বাট্টা | ৪,০০০ | ৩,০০০ |
| কমিশন | ১,০০০ | ৪০০ |
| বেতন (১০ মাসের) | ২০,০০০ | |
| বিবিধ স্থায়ী সম্পদ | ১,০০,০০০ | |
| অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৩,০০০ | ২,৬০০ |
| হাতে নগদ | ৪৫,০০০ | |
| কারবারী বাট্টা | ৩,০০০ | ১,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫২,০০০ | |
| মোট | ৫,৬০,০০০ | ৫,৬০,০০০ |

সমন্বয়সমূহঃ

১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২০,০০০ টাকা ও বাজার মূল্য ২২,০০০ টাকা।

২. দেনাদারের ১০% অনাদায়ী দেনা সঞ্চিতি ধার্য কর।

৩. মূলধনের উপর ১০% হারে সুদ ধরতে হবে।

৪. স্থায়ী সম্পদের উপর ৫% হারে অবচয় ধরতে হবে।

ক) চলতি সম্পদের মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ) ৩০ জুন ২০১৫ তারিখে সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ) নিখিল চন্দ্রের ব্যবসায়ের নীট মুনাফার অনুপাত ও চলতি অনুপাত নির্ণয় কর। ৪

## খ-বিভাগ

### অধ্যায়ঃ ২ লেনদেন

১। জনাব মাহদির প্রতিষ্ঠানে ২০১৮ সালে নিম্নের ঘটনা ঘটেঃ

জানু ০১ ব্যবসায় পরিচালনার জন্য নগদ ৫০,০০০ টাকা আনায়ন করেন।

জানু ০৫ প্রতিষ্ঠানের জন্য আকিজ কোং হতে ৩০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয়।

জানু ১০ পণ্য ক্রয় ১২,০০০ টাকা।

জানু ২০ আবিরের নিকট বিক্রয় ৪০,০০০ টাকা।

জানু ২৫ ৫% বাট্টায় দেনাদারের নিকট হতে চেকে পাওনা টাকা আদায়।

ক) প্রদত্ত বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ) জনাব মাহাদির প্রতিষ্ঠানের ঘটনাগুলোর মধ্যে কোনটি লেনদেন কোনটি লেনদেন নয় ব্যাখ্যাসহ লিখ। ৪

গ) লেনদেনগুলো হিসাব সমীকরণ ভিত্তিক প্রভাব বিবরণী ছকে দেখাও। ৪

২। জনাব নার্গিস আক্তার মার্চ ০১, ২০১৬ তারিখে টেইলারিং ব্যবসায় শুরচ করেন। প্রথম মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ১ ব্যবসায়ে ২০,০০০ টাকা বিনিয়োগ করা হল ।

,, ৩ মার্চ মাসের দোকান ভাড়া পরিশোধ করা হলো ৫,০০০ টাকা।

,, ৯ নগদে সেলাই মেশিন ক্রয় করা হলো ১৫,০০০ টাকা।

,, ১৪ কাপড় সেলাই বাবদ মজুরী আদায় ২,০০০ টাকা।

,, ১৭ দোকানের প্রচারণা বাবদ ব্যয় ১,০০০ টাকা।

ক) হিসাব সমীকরণের বর্ধিত রুপটি লিখ। ২

খ) হিসাব সমীকরণের উপাদানগুলোর উপর লেনদেন সমূহের প্রভাব দেখাও। ৪

গ) লেনদেন সমূহের প্রভাব হিসাব সমীকরণের বিবরণী ছকে দেখাও। ৪

৩। মি. দিপক ১লা জানুয়ারি ২০১৬ তারিখে তার আইন পেশায় ৫০,০০০ টাকা বিনিয়োগ করে ব্যবসা শুরু করেন। উক্ত মাসে তার লেনদেন গুলো নিম্নরুপঃ

জানু-০২ অফিস ভাড়া পরিশোধ ৩,০০০ টাকা

জানু-০৭ ধারে অফিস যন্ত্রপাতি ক্রয় ১৫,০০০ টাকা

জানু-১০ মক্কেলদের নগদে আইনি সেবা দেয়া হল ৬,০০০ টাকা

জানু-১২ ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ ১০,০০০ টাকা

জানু-১৫ অফিস কর্মচারীর বেতন পরিশোধ ২,০০০ টাকা

জানু-২০ ব্যবসার প্রয়োজনে ব্যাংক থেকে ঋণ নেওয়া হল ২০,০০০ টাকা

জানু-২২ ফ্রিজ ক্রয়ের মূল্য তালিকা পাওয়া গেল ১৫,০০০ টাকা

জানু-২৪ মক্কেলদের ধারে আইনি সেবা দেওয়া হল ৭,০০০ টাকা

জানু-২৯ বাকীতে ক্রীত যন্ত্রপাতির মূল্য পরিশোধ ১০,০০০ টাকা

ক) ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনা সমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ) ২০১৬ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ হিসাব সমীকরনের উপাদানের উপর প্রভাব দেখাও।৪

গ) বিবরণী ছকে (A=L+OE) হিসাব সমীকরনের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪। মি. রাফি একজন ব্যবসায়ী জানুয়ারি ২০১৪ সালে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়ঃ

জানু-০১ মি. রাফি ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

জানু-০৫ বাকিতে মাল ক্রয় ১৫,০০০ টাকা

জানু-১০ ব্যাংকে জমা দান ২০,০০০ টাকা

জানু-২০ ব্যবসায় হতে উত্তোলন ৫,০০০ টাকা

জানু-২৫ কাগজ, কলম ও কার্বন ক্রয় ২,০০০ টাকা

জানু-২৮ দোকান ভাড়া প্রদান ১০,০০০ টাকা

জানু-৩০ বাকিতে মাল বিক্রয় ৩০,০০০ টাকা

জানু-৩১ দেনাদারের কাছ থেকে ১০,০০০ টাকা পাওয়া গেল

ক) A=L+(C+?-E-D) '?' স্থানে কি হবে? কত তারিখের লেনদেন দ্বারা সেটি প্রভাবিত? ২

খ) ২৫ হতে ৩১ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণের উপাদানগুলোর ওপর প্রভাব দেখাও। ৪

গ) ১ হতে ২০ তারিখের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের বিবরণী ছক তৈরি কর। ৪

### অধ্যায়ঃ ৩ দুতরফা দাখিলা পদ্ধতি

১। নিলয় একজন ব্যবসায়ী। ২০১৭ সালের ১ জানুয়ারি তার মূলধনের পরিমাণ ৫,৫০,০০০ টাকা। উক্ত বছর তিনি আরও ১,৫০,০০০ টাকা ব্যবসায়ে আনেন। উক্ত বছরে ছেলের পড়ার জন্য ৮০,০০০ টাকা টিউশন ফি দেন। ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে তার মোট সম্পদ ৭,৮০,০০০ টাকা ও দায় ১,২০,০০০ টাকা।

ক) নিলয়ের মোট মূলধনের পরিমাণ কত? ২

খ) নিলয়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ) বছর শেষে নিলয়ের লাভ বা ক্ষতির পারিমাণ নির্ণয় করো। ৪

২। জনাব আকাশ তাঁর ব্যবসায়ের হিসাব বিস্তারিতভাবে সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৬ তারিখে তাঁর ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৪,০০,০০০ টাকা ও ১,৬০,০০০ টাকা। উক্ত বছরে তিনি আরও ৬০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে যোগ করেন। তিনি উক্ত বছরে মোট ৩০,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে তাঁর ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল- নগদ ১,০০,০০০ টাকা; আসবাবপত্র ৮০,০০০ টাকা; দেনাদার ৬০,০০০ টাকা; মজুদ পণ্য ১,৪০,০০০ টাকা; ব্যাংক ঋণ ৪০,০০০ টাকা এবং পাওনাদার ৫০,০০০ টাকা।

ক) জনাব আকাশের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ) জনাব আকাশের সমাপনী মূলধনের পরিমাণ কত? ৪

গ) ৩১ ডিসেম্বর ২০১৬ হিসাব বছরে জনাব আকাশের ব্যবসায়ের লাভ অথবা ক্ষতি নির্ণয় কর। ৪

৩। জনাব শহীদুল ইসলাম তাঁর ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৬ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ৮০,০০০ টাকা। উক্ত বৎসরে জনাব শহীদুল ইসলাম আরও ৩০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত বৎসরে তিনি মোট ১৫,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে তাঁর ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল–

নগদ ৫০,০০০; আসবাবপত্র ৪০,০০০; দেনাদার ৩০,০০০; মজুদ পণ্য ৭০,০০০; ব্যাংক ঋণ ২০,০০০ এবং পাওনাদার ২৫,০০০ টাকা।

ক) জনাব শহীদুল ইসলামের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর? ২

খ) জনাব শহীদুল ইসলামের সমাপনি মূলধনের পরিমাণ নির্ণয় কর? ৪

গ) ২০১১ সালে জনাব শহীদুল ইসলামের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর? ৪

৪। জনাব আহমেদ হোসেন একজন কাপড় ব্যবসায়ী। রাজশাহীর সাহেব বাজারে তার ব্যবসায় অবস্থিত। তিনি দু'তরফা দাখিলা পদ্ধতি অনুসারে যথাযথভাবে প্রতিটি হিসাবের বই সংরক্ষণ করে থাকেন। ২০১৪ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরুপঃ

ডিসেম্বর ১ নগদ ৭,০০,০০০ টাকা মূলধন স্বরুপ কারবারে আনা হলো।

ডিসেম্বর ১২ ২৫,০০০ টাকার কাপড় ধারে ক্রয় করা হলো।

ডিসেম্বর ২৩ নগদে ৬০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করা হলো।

ডিসেম্বর ২৪ কর্মচারী রতনকে বেতন প্রদান করা হলো ৮,০০০ টাকা।

ডিসেম্বর ৩১ নগদে কমিশন প্রাপ্তি ৬,০০০ টাকা।

ক) ডিসেম্বর মাসে মোট কত টাকার পণ্য ক্রয় করা হয়েছে? ২

খ) জনাব আহমেদ হোসেনের উপর্যুক্ত লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

গ) ২৪ তারিখের লেনদেন অবলম্বনে একটি ডেবিট ভাউচার প্রস্তুত কর। ৪

## অধ্যায়ঃ ৪ মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন

১। জনাব আবুল ফজল ২০১৭ সালে মে মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনসমূহ সম্পাদন করেনঃ

২০১৭

মে ০১ ধামরাই হতে বনানীতে ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় ২২,০০০ টাকা।

মে ০৩ আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা।

মে ০৪ নতুন যন্ত্রপাতি ক্রয় ১,৫০,০০০ টাকা।

মে ০৪ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ১৫,০০০ টাকা।

মে ১৮ বিজ্ঞাপন বাবদ ব্যয় ২৮,০০০ টাকা। (দুই বছরের জন্য)

মে ২৫ অফিসের মাইক্রোবাসের জন্য নতুন ব্যাটারি ও টায়ার ক্রয় ৩৫,৫০০ টাকা।

ক) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ) উপর্যুক্ত তথ্য হতে জনাব আবুল ফজল এর মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ) ৪ তারিখে ক্রয় করা যন্ত্রপাতি ১,৭০,০০০ টাকায় বিক্রয় করলে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত হবে? ৪

২। জনাব রেহানা সুলতানা ঢাকার উত্তরায় একটি রেষ্টুরেন্ট পরিচালনা করেন। তাঁর রেষ্টুরেন্টের কতিপয় লেনদেন নিম্নরুপ–

১. রেষ্টুরেন্টের জন্য ২৫ ডজন তৈজসপত্র ক্রয় ৮০,০০০ টাকা।
২. রেষ্টুরেন্টের সাজসজ্জা বৃদ্ধিকরণ ব্যয় ২০,০০০ টাকা।
৩. রেষ্টুরেন্টের প্রচারণা বাবদ ব্যয় করা হল ৩,০০০ টাকা।
৪. রেষ্টুরেন্টের মালামাল আনয়নের ভ্যানগাড়ি মেরামত ১,০০০ টাকা।
৫. রেষ্টুরেন্টে জন্মদিনের অনুষ্ঠান আয়োজন বাবদ বিল আদায় হল ২২,০০০ টাকা।
৬. রেষ্টুরেন্টের নষ্ট রেফ্রিজারেটর চালুর জন্য নতুন কমপ্রেসার ক্রয় ৮,০০০ টাকা এবং
৭. কালার স্প্রে খরচ হল ২,০০০ টাকা।
৮. রেষ্টুরেন্টের কর্মচারিদের বেতন প্রদান ৯,০০০ টাকা।
৯. গ্রাহকদের সেবা প্রদানের দ্বারা প্রাপ্তি ২৫,০০০ টাকা।
১০. রেষ্টুরেন্ট ভাড়া প্রদান ৫,০০০ টাকা।

ক) জনাব রেহানা সুলতানার মুনাফা জাতীয় আয়ের মোট পরিমাণ কত? ২

খ) জনাব রেহানা সুলতানার মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) জনাব রেহানা সুলতানার মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৩। ২০১৬ সালে জনাব সুরাইয়া বেগমের ব্যবসায়ের লেনদেনের কিছু অংশ নিম্নরূপ:

| লেদেনের বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায়ে মূলধন বিনিয়োগ | ৫,০০,০০০ |
| যন্ত্রপাতি ক্রয় | ১,৫০,০০০ |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ৩,০০,০০০ |
| পণ্য ক্রয় | ১০,০০,০০০ |
| কর্মচারীর বেতন প্রদান | ৩,৮০,০০০ |
| বিদ্যুৎ ও টেলিফোন বিল প্রদান | ১২,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ১৫,০০০ |
| আগুনে বিনষ্ট পন্যের পরিমাণ | ২,০০০ |
| ভাড়া প্রদান (যার মধ্যে ৩,০০০ টাকা ২০১৭ সনের জন্য) | ৪০,০০০ |
| কমিশন প্রাপ্তি (যার মধ্যে ৪,০০০ টাকা ২০১৭ সনের জন্য) | ৫০,০০০ |
| পণ্য বিক্রয় | ২০,০০,০০০ |

ক) মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত?

খ) মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ কত?

গ) বৎসরান্তে জনাব সুরাইয়া বেগমের মালিকানা স্বত্বের পরিমাণ কত?

৪। জনাব অভিজিৎ দত্তের ব্যবসায়ের ২০১৬ সালের এপ্রিল মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংগঠিত হয়েছে–
২০১৬
এপ্রিল ১ ধানমন্ডি হতে মতিঝিলে ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় ১২,০০০ টাকা।
এপ্রিল ২ মনিহারি দ্রব্যাদি ক্রয় ১,০০০ টাকা।
এপ্রিল ৪ নতুন মেশিন ক্রয় ৪০,০০০ টাকা।
এপ্রিল ৪ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ২,৫০০ টাকা।
এপ্রিল ৫ পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ১,০০০ টাকা।
এপ্রিল ১২ অফিসের গাড়ির জন্য নতুন ব্যাটারী ও টায়ার ক্রয় ২৫,০০০ টাকা।
ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত ? ২
খ) মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত ? ৪
গ) ৪ তারিখে ক্রীত মেশিন ৪৫,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত? ৪

## অধ্যায়ঃ ৫ হিসাব

১। জনাব শাহীন-এর ব্যবসায় প্রতিষ্ঠানে ২০১৬ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত লেনদেন সমূহ হয়েছিল-
১. বাকিতে পণ্য ক্রয় ১০,০০০ টাকা
২. জামালের নিকট বিক্রয় ১৮,০০০ টাকা
৩. ব্যাংকে জমা দান ৫,০০০ টাকা
৪. কর্মচারীকে বেতন প্রদান ৩,০০০ টাকা

ক) চতুর্থ লেনদেনটি প্রতিষ্ঠানের মালিকানাস্বত্বের (OE) উপর কি পরিবর্তন আনবে? ২
খ) প্রতি লেনদেনের সহিত সংশ্লিষ্ট ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত কর। ৪
গ) লেনদেন সংশ্লিষ্ট হিসাবসমূহ কোন শ্রেণির হিসাবের অন্তর্ভুক্ত তা ছক আকারে উপস্থাপন কর। ৪

২। মি: আব্দুর রহমান একজন ব্যবসায়ী। ২০১৬ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে।

ডিসেম্বর ০১ ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন
ডিসেম্বর ০৩ জনতা ব্যাংকে ৫,০০০ টাকা দিয়ে একটি হিসাব খোলা হলো
ডিসেম্বর ০৫ ধারে পণ্য ক্রয় ৫,০০০ টাকা
ডিসেম্বর ০৭ নগদে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা
ডিসেম্বর ১২ ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ঋন গ্রহণ ১০,০০০ টাকা
ডিসেম্বর ১৫ ৩,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান

ক) ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২
খ) লেনদেন গুলির হিসাবের ডেবিট ও ক্রেডিট পক্ষ নির্ণয় কর। ৪
গ) উদ্দীপকের লেননেদ সমূহে সংশ্লিষ্ট হিসাববের শ্রেণি বিভাগ দেখাও। ৪

৩। জনাব রাজন একটি ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠানের মালিক। তার প্রতিষ্ঠানের ২০১৬ সালের আগষ্ট মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়ঃ
১. মালিক কর্তৃক ব্যবসায়ে আসবাবপত্র আনয়ন ৫,০০০ টাকা
২. বিমলের নিকট হতে পণ্য ক্রয় ৭,০০০ টাকা
৩. বাকীতে পণ্য বিক্রয় ৯,০০০ টাকা
৪. বিমলকে ক্রয়কৃত পণ্য ফেরত দেয়া হলো ১,০০০ টাকা
৫. বাকীতে বিক্রিত পণ্য ফেরত পাওয়া গেল ২,০০০ টাকা
৬. ভাড়া অগ্রিম প্রদান ৩,০০০ টাকা
৭. ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা
৮. রমজানের নিকট হতে ঋণ গ্রহণ ৬,০০০ টাকা
৯. বিমলকে পরিশোধ ৩,০০০ টাকা
১০. দেনাদার হতে প্রাপ্তি ৫,০০০ টাকা
ক) হিসাব সমীকরণের মাধ্যমে ১, ৩ ও ৭ নং লেনদেনের ভিত্তিতে প্রতিষ্ঠানের নীট মালিকানাস্বত্বের (OE) পরিমাণ নির্ণয় কর। ২
খ) ১ হতে ৫ তারিখের লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট পক্ষ এবং হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪
গ) নিম্নের ছক অনুসরণ করে ৬ হতে ১০ নং লেনদেনের ডেবিট ও ক্রেডিট পক্ষ এবং হিসাবের শ্রেণিবিভাগ কারণসহ লিখ। ৪

| ক্র.নং | লেনদেন | পক্ষ/হিসাব | হিসাবের শ্রেণি | কারণ |
|---|---|---|---|---|

৪। জনাব আহমেদ হোসেন একজন কাপড় ব্যবসায়ী। রাজশাহীর সাহেব বাজারে তার ব্যবসায় অবস্থিত। তিনি দু'তরফা দাখিলা পদ্ধতি অনুসারে যথাযথভাবে প্রতিটি হিসাবের বই সংরক্ষণ করে থাকেন। ২০১৪ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরুপঃ
ডিসেম্বর ১ নগদ ৭,০০,০০০ টাকা মূলধন স্বরুপ কারবারে আনা হলো।
ডিসেম্বর ১২ ২৫,০০০ টাকার কাপড় ধারে ক্রয় করা হলো।
ডিসেম্বর ২৩ নগদে ৬০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করা হলো।
ডিসেম্বর ২৪ কর্মচারী রতনকে বেতন প্রদান করা হলো ৮,০০০ টাকা।
ডিসেম্বর ৩১ নগদে কমিশন প্রাপ্তি ৬,০০০ টাকা।
ক) ডিসেম্বর মাসে মোট কত টাকার পণ্য ক্রয় করা হয়েছে? ২
খ) জনাব আহমেদ হোসেনের উপর্যুক্ত লেদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪
গ) ২৪ তারিখের লেনদেন অবলম্বনে একটি ডেবিট ভাউচার প্রস্তত কর। ৪

## অধ্যায়ঃ ৬ জাবেদা

১। জনাব সাদিকের ব্যবসায়ের ২০১৭ সালের জুলাই মাসে সংঘটিত লেনদেনসমূহ নিম্নরুপঃ
জুলাই ০১ কারবারের জন্য ব্যাংক হতে উত্তোলন ১০,০০০ টাকা।
জুলাই ০৫ রাহাতের নিকট ৫% বাট্টায় পণ্য বিক্রয় ২০,০০০ টাকা। চালান নং-১০১।
জুলাই ১০ বেতন অগ্রিম পরিশোধ ১০,০০০ টাকা।
জুলাই ১২ চেকের মাধ্যমে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
জুলাই ২০ রাহুলের নিকট ৬% বাট্টায় পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা। চালান নং-১৫১।
জুলাই ৩০ নগদে উত্তোলন ৫,০০০ টাকা।
ক) জনাব সাদিকের বিক্রয় খাতে বাট্টার পরিমাণ কত? ২
খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তত কর। ৪

গ) বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও । ৪

২ । জনাব বাহাউদ্দীনের ব্যবসায়ের ২০১৬ সালের মে মাসে নিম্নোক্ত লেনদেন সংগঠিত হয়েছে–

মে ২ ব্যবসায়ের জন্য ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা ।
মে ৩ রমিজ–এর নিকট ৫% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য বিক্রয় । চালান নং–১৭৩ ।
মে ৫ ভাড়া অগ্রিম পরিশোধ ৩,০০০ টাকা ।
মে ৮ পণ্য ক্রয় বাবদ চেক প্রদান ৭,০০০ টাকা ।
মে ১০ ৫% বাট্টায় শাহাদাতের নিকট ৯,০০০ টাকার পণ্য বিক্রয় । চালান নং–১৭৪ ।
মে ১৫ নগদ উত্তোলন ১,০০০ টাকা ।

ক) জনাব বাহাউদ্দীনের মে মাসের বিক্রয় খাতে বাট্টার পরিমাণ কত? ২
খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর । ৪
গ) জনাব জমালের লেনদেনসমূহ সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর? ৪

৩ । জনাব আফরোজা আক্তার একজন কাপড় ব্যবসায়ী । ২০১৬ সালের ডিসেম্বর মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে-

ডিসেম্বর ০১ ৫% বাট্টায় জনাব মাহমুদের নিকট হতে ১০,০০০ টাকা মূল্যের পণ্য ক্রয় । চালান নং-৭৮ ।
ডিসেম্বর ০৩ নগদে পণ্য বিক্রয় ১২,০০০ টাকা ।
ডিসেম্বর ০৮ মাহমুদকে পণ্য ফেরত প্রদান ১,০০০ টাকা । ডেবিট নোট নং-১২৩ ।
ডিসেম্বর ১০ পুরাতন আসবাবপত্র মেরামত ৫০০ টাকা ।
ডিসেম্বর ১৫ জনাব নজরুল ইসলামের নিকট হতে ২০,০০০ টাকার পণ্য ক্রয় । চালান নং-১০৯ ।
ডিসেম্বর ২০ মাহমুদকে পরিশোধ ৪,০০০ টাকা ।

ক) ডিসেম্বর ৮ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ডেবিট নোট প্রস্তুত কর । ২
খ) উপরোক্ত লেনদেনের ভিত্তিতে জনাব আফরোজা আক্তারের ক্রয় জাবেদা প্রস্তুত কর । ৪
গ) ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতিত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা প্রস্তুত কর । ৪

## অধ্যায়ঃ ৭ খতিয়ান

১ । জনাব কাশেমের ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়-

২০১৬
এপ্রিল ০১ ব্যাংকে ২৫,০০০ টাকা জমা দিয়ে একটি হিসাব খোলা হলো ।
এপ্রিল ১২ কামালের নিকট ১৫,০০০ টাকার পণ্য বিক্রয় ।
এপ্রিল ১৪ চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা ।
এপ্রিল ১৫ পণ্য উত্তোলন ৫,০০০ টাকা ।
এপ্রিল ১৬ পাওনাদারকে চেকে পরিশোধ ৩,০০০ টাকা ।
এপ্রিল ১৮ দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় ।
এপ্রিল ২৯ মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা ।

ক) উদ্দীপকের আলোকে নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর । ২
খ) জনাব কাশেমের এপ্রিল মাসের লেনদেনগুলোকে সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর । ৪
গ) চলমান জের ছকে 'ব্যাংক হিসাব' ও 'উত্তোলন হিসাব' প্রস্তুত কর । ৪

২ । জনাব শহীদ একজন ব্যবসায়ী । সাভারের আশুলিয়ায় তার একটি নার্সারী আছে । সেখানে তিনি নানা ধরনের ফুল, ফল ও ঔষধি গাছের চারা
উৎপাদন করেন । ২০১৩ সালের জুলাই মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয় ।

জুলাই-৫ আব্দুর রহিমের এর নিকট থেকে গাছ ও বীজ ক্রয় ২৫,০০০ টাকা
জুলাই-১০ রাশেদ এন্ড কোং এর নিকট নগদে বিক্রয় ৩৭,০০০ টাকা
জুলাই-১৯ আব্দুর রহিমকে গাছ ফেরত দেয়া হলো ২,৫০০ টাকা
জুলাই-৩০ কর্মচারীকে বেতন দেয়া হলো ৪,৫০০ টাকা
জুলাই-৩১ বিজ্ঞাপন ব্যয় ১,৫০০ টাকা

ক) জনাব শহীদের ৫ ও ১০ জুলাইয়ের লেনদেনগুলো জাবেদায় লিপিবদ্ধ কর । ২
খ) ক্রয় হিসাব, নগদান হিসাব, ক্রয় ফেরত হিসাব T ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় কর । ৪
গ) আ.রহিম হিসাব, বিক্রয় হিসাব, বেতন হিসাব ও বিজ্ঞাপন হিসাব চলমান জের ছকে লিপিবদ্ধ কর । ৪

৩ । জনাব সোহেল একটি ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠানের মালিক । তার প্রতিষ্ঠানের ২০১৪ সালের আগষ্ট মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়ঃ

১. মালিক কর্তৃক ব্যবসায়ে আসবাবপত্র আনয়ন ৫,০০০ টাকা
২. বিমলের নিকট হতে পণ্য ক্রয় ৭,০০০ টাকা
৩. বাকীতে পণ্য বিক্রয় ৯,০০০ টাকা
৪. বিমলকে ক্রয়কৃত পণ্য ফেরত দেয়া হলো ১,০০০ টাকা
৫. বাকীতে বিক্রিত পণ্য ফেরত পাওয়া গেল ২,০০০ টাকা
৬. ভাড়া অগ্রিম প্রদান ৩,০০০ টাকা
৭. ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা
৮. রমজানের নিকট হতে ঋণ গ্রহণ ৬,০০০ টাকা
৯. বিমলকে পরিশোধ ৩,০০০ টাকা
১০. দেনাদার হতে প্রাপ্তি ৫,০০০ টাকা

ক) হিসাব সমীকরণের মাধ্যমে ১, ৩ ও ৭ নং লেনদেনের ভিত্তিতে প্রতিষ্ঠানের নীট মালিকানা স্বত্বের (E) পরিমাণ নির্ণয় কর । ২
খ) ১ হতে ৩ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও এবং খতিয়ান তৈরি কর । ৪
গ) নিম্নের ছক অনুসরণ করে ৬ হতে ১০ নং লেনদেনের ডেবিট ও ক্রেডিট পক্ষ এবং হিসাবের শ্রেণিবিভাগ কারণসহ লিখ । ৪

| ক্র.নং | লেনদেন | পক্ষ/হিসাব | হিসাবের শ্রেণি | কারণ |
|---|---|---|---|---|

৪ । জনাব হাসেম ২০১৪ সালের ১ জুলাই তারিখে নগদ ৭০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার পণ্য দ্রব্য নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন । উক্ত মাসে তাঁর ব্যবসায়ের অন্যান্য লেনদেন ছিলঃ ২০১৪ ইং

জুলাই ০২ জনতা ব্যাংকে হিসাব খোলা হলো ১০,০০০ টাকা ।
জুলাই ১০ রুমির নিকট বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ১০,৫০০ টাকা ।
জুলাই ১৫ বাবুলের নিকট হতে ক্রয় ১২,০০০ টাকা ।
জুলাই ২০ বাবুলের নিকট পণ্য ফেরত পাঠানো হলো ২,০০০ টাকা ।
জুলাই ২৫ কর্মচারী রায়হানের বেতন অপরিশোধিত রয়েছে ৪,০০০ টাকা ।
জুলাই ৩০ দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয় ।

ক) ২৫ ও ৩০ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও । ২
খ) নগদান হিসাব ও ক্রয় হিসাব T ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় কর । ৪

গ) পাওনাদার হিসাব ও ব্যাংক হিসাব চলমান জের ছকে খতিয়ানভুক্ত কর । ৪

৫ । মি. ইকবালের নভেম্বর ২০১৭ সালের ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্বরুপঃ
নভে ০১ ব্যবসায়ে নগদ ১,০০,০০০ টাকা বিনিয়োগ করা হলো ।
নভে ০৪ পণ্য ক্রয় ১৫,৫০০ টাকা (নগদে ৬০% ও বাকিতে ৪০%)
নভে ০৯ চেকের বিনিময়ে পণ্য বিক্রয় ৩৯,০০০ টাকা ।
নভে ১৫ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১,০০০ টাকা ।
নভে ২৭ বিনিয়োগের সুদ বাবদ প্রাপ্তি ৩,০০০ টাকা ।
নভে ৩০ চেকের মাধ্যমে বিমা সেলামি প্রদান ৩,৫০০ টাকা ।
ক) উপরোক্ত লেনদেন অবলম্বনে নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো । ২
খ) চলমান জের পদ্ধতিতে ব্যাংক হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত করো । ৪
গ) T ছক পদ্ধতিতে ব্যাংক হিসাব ও বিমা সেলামি হিসাব প্রস্তুত করো । ৪

## অধ্যায়ঃ ৮ নগদান বই

১ । আকাশ ট্রেডার্সের ২০১৭ সালের ডিসেম্বর মাসের লেনদেন সমূহ নিম্নরুপঃ
ডিসে. ০১ নগদ তহবিল ২২,০০০ টাকা ও ব্যাংক জমাতিরিক্ত ১৫,০০০ টাকা ।
ডিসে. ০৩ হেলালের নিকট পণ্য বিক্রয় করে ২৫,০০০ টাকার চেক পেয়ে ব্যাংকে জমা দেয়া হলো ।
ডিসে. ০৫ পাওনাদারের দাবি ১৫,০০০ টাকার পূর্ণনিস্পত্তিতে ১৪,৫০০ টাকা দেওয়া হলো ।
ডিসে. ০৮ দেনাদারের নিকট হতে পাওয়া গেল ১০,০০০ টাকা । এজন্য বাট্টা প্রদত্ত হয়েছে ৫০০ টাকা ।
ডিসে. ১২ অফিসের প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা কিন্তু পথে ১,০০০ টাকা হারিয়ে গেল ।
ডিসে. ১৫ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন করা হলো ২,০০০ টাকা ।
ডিসে. ১৮ অনাদায়ী পাওনা লেখা হলো ১,৫০০ টাকা ।
ডিসে. ২০ অর্থ সংকটের কারণে মালিক কারবারে আনায়ন করেন ১০,০০০ টাকা ।
ডিসে. ২৫ ভাড়াটিয়ার কাছ থেকে ভাড়া বাবদ চেক পাওয়া গেল ৫,০০০ টাকা ।
ডিসে. ২৮ ব্যাংক সুদ ও খরচ চার্জ করেছে ৫০০ টাকা ।
ক) যেসব লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবেনা তার পরিমাণ নির্ণয় করো । ২
খ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো । ৪
গ) আকাশ ট্রেডার্সের উপযুক্ত নগদান বই তৈরি করো । ৪

২ । ২০১৬ সালের জুলাই মাসে শিহাব ট্রেডার্সের ব্যবসায়িক লেনদেনগুলো নিম্নরুপ-
জুলাই ০১ হাতে নগদ ৮০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৭০,০০০ টাকা ।
জুলাই ০৪ নগদে পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা ।
জুলাই ০৬ রাফিদের কাছ থেকে ৩০,০০০ টাকার চেক পেয়ে আবিদকে প্রদান করা হলো ।
জুলাই ০৮ ফাহিমের কাছ থেকে নগদ প্রাপ্তি ১০,০০০ টাকা ।
জুলাই ১২ চেক দ্বারা বাড়ি ভাড়া প্রদান ৩০,০০০ টাকা ।
জুলাই ১৪ নগদে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা ।
জুলাই ১৫ প্রাপ্য বিলের টাকা ব্যাংক কর্তৃক আদায় ৩০,০০০ টাকা ।
জুলাই ২০ আসবাবপত্রের ওপর অবচয় ধার্য করা হলো ৪,০০০ টাকা ।
ক) নগদান বইতে অন্তর্ভুক্ত না হওয়া লেনদেনের পরিমাণ নির্ণয় কর । ২
খ) জনাব শিহাবের নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর । ৪
গ) উপর্যুক্ত তথ্যাদির ভিত্তিতে উপযুক্ত নগদান বই প্রস্তুত কর । ৪

৩ । জহিরুল ট্রেডার্সের ২০১৪ সালের জুলাই মাসের লেনদেনসমূহ নিম্নরুপ-
জুলাই ১ নগদ তহবিল ৪,০০০ টাকা । ব্যাংক জমা ৫,০০০ টাকা ।
জুলাই ৪ ব্যাংক হতে অফিসের প্রয়োজনে উত্তোলন ৩,০০০ টাকা ।
জুলাই ৫ রতন স্টোরস হতে চেক প্রাপ্তি ২,৮০০ টাকা এবং বাট্টা প্রদান ২০০ টাকা ।
জুলাই ৭ তাজুল ইসলামের নিকট হতে ১০% কারবারী বাট্টায় ৬,০০০ টাকার পণ্য নগদে ক্রয় ।
জুলাই ১২ ৫% বাট্টায় ৪,০০০ টাকা দেনার পূর্ণ নিস্পত্তি করা হলো ।
জুলাই ১৫ পণ্য বিক্রয় হতে ৮,০০০ টাকার চেক প্রাপ্তি, যা সঙ্গে সঙ্গে ব্যাংকে জমা দান ।
জুলাই ২০ ৭,৫০০ টাকা পাওনার পূর্ণ নিস্পত্তিতে সেলিনার নিকট হতে ৭,২০০ টাকা প্রাপ্তি ।
জুলাই ২৮ বেতন নগদে ২,০০০ এবং চেকে ১,০০০ টাকা পরিশোধ ।
জুলাই ৩০ উপ ভাড়াটিয়ার নিকট হতে প্রাপ্তি ২,০০০ টাকা ।
ক) জহিরুল ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় কর । ২
খ) ৫, ৭, ১২ ও ২০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও । ৪
গ) জহিরুল ট্রেডার্সের একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর । ৪

৪ । হারুন এন্ড সন্স-এর জুন ২০১৪ সালের লেনদেনগুলো নিম্নরুপঃ
জুন ১ নগদ বিক্রয় ৬০,০০০ টাকা ।
জুন ৪ মি. নাসিরকে ৬৫৪৪০ নং চেকের মাধ্যমে ৮,০০০ টাকা প্রদান করা হয়েছে ।
জুন ৮ সোহেলের নিকট ২০,০০০ টাকা পাওনার পূর্ণ নিস্পত্তিতে ১৯,০০০ টাকার চেক প্রাপ্তি
জুন ৯ সেফালির নিকট প্রতিটি ১০০ টাকা মূল্যের ৮০ টি পেপার ওয়েট ৫% বাট্টায় নগদে বিক্রয় ।
জুন ১২ রাফা এন্টারপ্রাইজ হতে প্রতিটি ২০০ টাকা মূল্যের ১০ টি ফুলদানী ১০% বাট্টায় নগদে ক্রয় ।
জুন ২০ রুমার ৫,০০০ টাকা দেনা ৫% বাট্টায় পূর্ণ নিস্পত্তিতে পরিশোধ করা হলো ।
জুন ২৫ পুরাতন আসবাবপত্র বিক্রয় ১২,০০০ টাকা ।
জুন ৩০ কর্মচারীদের বেতন প্রদান ১৫,০০০ টাকা ।
ক) ১ তারিখের লেনদেন দ্বারা একটি ক্রেডিট ভাউচার প্রস্তুত কর? ২
খ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে ‘নগদ প্রাপ্তি’ জাবেদা তৈরি কর । ৪
গ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর । ৪

## অধ্যায়ঃ ৯ রেওয়ামিল

১ । জনাব রকিবের ২০১৭ সালের ডিসেম্বর মাসের খতিয়ান উদ্বত্তগুলো নিম্নরুপঃ
মূলধন ৭৫,০০০ টাকা, মজুদ পণ্য (০১-০১-১৭) ৫০,০০০ টাকা, ক্রয় ৭০,০০০ টাকা, মজুরি ১৫,০০০ টাকা, বাট্টা ১২,০০০ টাকা, হাতে নগদ (৩১-১২-১৭) ৭৫,০০০ টাকা, বিক্রয় ১,০০,০০০ টাকা, বকেয়া বেতন ২২,০০০ টাকা, হাতে নগদ (০১-০১-১৭) ২৫,০০০ টাকা, অগ্রিম শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা, মজুদ পণ্য (৩১-১২-১৭) ৬২,০০০ টাকা, মোটরযান ২৩,০০০ টাকা, ব্যাংক উদ্বৃত্ত (৩১-১২-১৭) ২২,০০০ টাকা, ঋণ ৬০,০০০ টাকা ।
ক) রেওয়ামিল বহির্ভূত খতিয়ান উদ্বৃত্তের পরিমাণ কত? ২
খ) উদ্বৃত্তগুলো থেকে মোট সম্পদ ও দায়ের পার্থক্য নির্ণয় করো । ৪
গ) খতিয়ান উদ্বৃত্তগুলো নিয়ে একটি রেওয়ামিল তৈরি করো । ৪

২। মেসার্স রাফির ব্যবসায়ের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের উদ্দেশ্যে ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তের তথ্য সরবরাহ করে:

| | | | |
|---|---|---|---|
| মূলধন | ১,১০,০০০টাকা | বীমা সেলামী | ৫,০০০ টাকা |
| হাদে নগদ (১/১/২০১৪) | ১৫,০০০ টাকা | আমদানি শূল্ক | ৩,৫০০ টাকা |
| দেনাদার | ২৫,০০০ টাকা | কমিশন প্রাপ্তি | ২,০০০ টাকা |
| পাওনাদার | ১৫,০০০ টাকা | বিনিয়োগ | ১৫,০০০ টাকা |
| উত্তোলন | ১০,০০০ টাকা | ব্যাংক জমার সুদ | ৫০০ টাকা |
| ক্রয় | ৩০,০০০ টাকা | আসবাবপত্র | ৪০,০০০ টাকা |
| বিক্রয় | ৪৫,০০০ টাকা | বিজ্ঞাপন | ১,০০০ টাকা |
| বিনিয়োগের সুদ | ৩,০০০ টাকা | প্রারম্ভিদ মজুদ পণ্য | ২৫,০০০ টাকা |
| সমাপনী মজুদ পণ্য | ১২,০০০ টাকা | সমাপনী ব্যাংক জমা | ৬,০০০ টাকা |

ক) মেসার্স রাফির রেওয়ামিলে মোট কত টাকা অন্তর্ভূক্ত হবে না তা নির্ণয় কর।
খ) উপর্যুক্ত তথ্যের আলোকে মেসার্স রাফির রেওয়ামিল প্রস্তুত কর।
গ) উক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

৩। ডায়না ফ্যাশন হাউজের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরুপ-

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মজুদ পণ্য (প্রারম্ভিক) | ৩০,০০০ | ব্যাংক জমা (৩১-১২-১৪) | ৪৫,০০০ |
| ক্রয় | ১,০০,০০০ | অন্তর্মুখী ফেরত | ৩,০০০ |
| বেতন | ১৬,০০০ | বিক্রয় পরিবহণ | ৫,০০০ |
| পাওনাদার | ৪০,০০০ | প্রদেয় বিল | ২০,০০০ |
| দেনাদার | ১৬,০০০ | ব্যাংক ঋণ | ১৩,০০০ |
| ব্যাংক জমা (০১-০১-১৪) | ৩০,০০০ | দালানকোঠা | ৫৫,০০০ |
| বাট্টা | ৭,০০০ | বিক্রয় | ১,৪০,০০০ |
| মূলধন | ৭০,০০০ | মজুদ পণ্য (সমাপনী) | ৪৫,০০০ |

ক) ডায়না ফ্যাশন হাউজের যে সকল উদ্বৃত্ত রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, তার পরিমাণ কত? ২
খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ডায়না ফ্যাশন হাউজের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ) উপর্যুক্ত তথ্যের আলোকে ডায়না ফ্যাশন হউজের রেওয়ামিল প্রস্তুত কর। ৪

অধ্যায়ঃ ১১ পণ্যের ক্রয়মূল্য, উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য

১। রাজশাহীর শাপলা প্রিন্টার্স, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক প্রধান কার্যালয় থেকে ২০১৬ সালে ৫,৫০০ টি ডায়রী প্রস্তুতের একটি কাজ পেল। উপরোক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয় :
কাগজ ক্রয় - ৭০,০০০ টাকা, ছাপার কালি ক্রয় - ২৫,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরী - ১২,৫০০ টাকা, আঠা ও সুতা ক্রয় - ৫,০০০ টাকা, কারখানা ভাড়া - ১০,০০০ টাকা, কারখানার বিদ্যুৎ খরচ - ৩,৫০০ টাকা, অফিস ও প্রশাসনিক ব্যয় - ১২,০০০ টাকা, আপ্যায়ন খরচ - ১,৫০০ টাকা, বিল আদায় খরচ দরপত্র উদ্ধৃত মূল্যের - ২%, প্রতিটি ডায়রীর দরপত্র উদ্ধৃত মূল্য- ৩৫ টাকা।
ক) শাপলা প্রিন্টার্সের মুখ্য ব্যয় কত? ২
খ) শাপলা প্রিন্টার্সের প্রতিটি ডায়রীর উৎপাদন ব্যয় নির্ণয়। ৪
গ) শাপলা প্রিন্টার্সের প্রতিটি ডায়রীর লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

২। শাড়িকা টেক্সটাইল বিছানার চাদর উৎপাদন ও বিক্রয় করে। ৪০০ পিচ চাদরের ব্যয় নিম্নরুপঃ

| | |
|---|---|
| কাঁচামাল মজুদ (০১-০১-২০১৭) | ৩০,০০০ টাকা |
| কাঁচামালের মজুদ (৩১-১২-১৭) | ২০,০০০ টাকা |
| কাঁচামাল ক্রয় ৪ | ১,২০,০০০ টাকা |
| প্রত্যক্ষ মজুরি | ৭০,০০০ টাকা |
| কারখানা উপরিব্যয় (প্রত্যক্ষ মজুরির ৬০%) | |
| প্রশাসনিক উপরিব্যয় | ১৬,০০০ টাকা |
| বিক্রয় উপরিব্যয় | ১৪,০০০ টাকা |

ক) ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২
খ) ৪০০ পিস চাদরের উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ) শাড়িকা টেক্সটাইল মোট ব্যয়ের ওপর ২৫% মুনাফা করলে প্রতিটি চাদরের বিক্রয়মূল্য কত হবে? ৪

৩। মি. খান একজন আসবাবপত্র প্রস্তুতকারক। তিনি তার কারখানায় ৫০০ চেয়ার তৈরী করতে নিম্নোক্ত খরচগুলো করেছেনঃ

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ২,০০,০০০ |
| ক্রয় পরিবহণ | ৭,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ২৫,০০০ |
| কারখানা ভাড়া | ৩৫,০০০ |
| বিজ্ঞাপন ব্যয় | ৫,০০০ |
| কর্মচারীদের বেতন | ১৬,৫০০ |
| আপ্যায়ন খরচ | ৭,৫০০ |

ক) প্রতিটি চেয়ারের কাঁচামালের ব্যয় নির্ণয় কর? ২
খ) ৫০০ টি চেয়ারের মোট ব্যয় নির্ণয় কর। ৪
গ) মোট ব্যয়ের উপর ২৫% মুনাফা ধরে প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য নির্ণয় কর। ৪

অধ্যায়ঃ ১২ পারিবারিক ও আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগের হিসাব

১। মি. পলাশ এর ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে আর্থিক অবস্থা ছিলঃ ঘরবাড়ি ৮,০০,০০০ টাকা, তৈজসপত্র ৫০,০০০ টাকা, নগদ তহবিল ৩০,০০০ টাকা, আসবাবপত্র ২৫,০০০ টাকা, ঋণ ২,৫০,০০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরুপঃ

প্রাপ্তি ও প্রদান হিসাব

৩১ ডিসেম্বর ২০১৭ সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (০১-০১-২০১৭) | ৩০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৯৫,০০০ |
| বেতন প্রাপ্তি | ৪,০০,০০০ | শিক্ষা খরচ | ৬০,০০০ |
| কৃষি খাত হতে আয় | ১০,০০০ | আপ্যায়ন | ১০,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৪৫,০০০ |
| | | ঋণ পরিশোধ | ১,০০,০০০ |
| | | বিদ্যুৎ ও জ্বালানি | ১৪,০০০ |
| | | ঋণের সুদ | ১২,০০০ |
| | | হাতে নগদ (৩১-১২-১৭) | ১,০৪,০০০ |
| | ৪,৪০,০০০ | | ৪,৪০,০০০ |

ঋণের সুদ বকেয়া আছে ৫০০ টাকা।

ক) মি. পলাশের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ) উপর্যুক্ত তথ্যাবলির আলোকে একটি আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ) ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে জনাব পলাশের পারিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

২। জনাব কাওসার হোসেন মাসে ১২,০০০ টাকা বেতনে একটি বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরি করেন। এছাড়াও তিনি একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসেবে মাসে ৫,০০০ টাকা সম্মানী পান। ২০১৬ সালের ১ জানুয়ারী তার নগদ ২,০০,০০০ টাকা এবং ডিপিএস এ জমা ১,০০,০০০ টাকা। উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন নিম্নোরুপ:

খাদ্যসামগ্রী ক্রয় ৩০,০০০ টাকা। বাড়িভাড়া প্রদান ৫০,৪০০ টাকা। দৈনন্দিন বাজার খরচ ২৪,০০০ টাকা। আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা। মুদি ও মনিহারি বিল ২,৫০০ টাকা। গহনা ক্রয় ৬০,০০০ টাকা। ডিপোজিট পেনশন স্কিমে জমা ১৫,২০০ টাকা।

ক) উদ্দীপক হতে জনাব কাওসার হোসেনের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ) জনাব কাওসার হোসেনের পরিবারের সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় কর। ৪

৩। মি. পিন্টু দাসের ১ জানুয়ারি ২০১৪ সালের সম্পদ ও দেনার পরিমাণ ছিলঃ বাড়ি ২০,০০,০০০ টাকা, আসবাবপত্র ২,০০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৫,০০,০০০ টাকা। উক্ত বছরের তার প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপঃ

| প্রাপ্তি | টাকা | প্রদান | টাকা |
|---|---|---|---|
| বেতন | ৩,৬০,০০০ | খাদ্যসামগ্রী | ১,২০,০০০ |
| বাড়িভাড়া | ৪০,০০০ | চিকিৎসা খরচ | ৮০,০০০ |
| | | পড়াশুনা খরচ | ৬০,০০০ |
| | | জ্বালানি ও বিদ্যুৎ খরচ | ৪০,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৩৫,০০০ |
| | | হাতে নগদ (৩১-১২-১৪) | ৬৫,০০০ |
| মোট | **৪,০০,০০০** | মোট | **৪,০০,০০০** |

ক) পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ) মোট প্রাপ্তির ওপর খাদ্যসামগ্রী, চিকিৎসা, পড়াশুনা এবং জ্বালানি ও বিদ্যুৎ খরচের শতকরা হার দেখাও। ৪

গ) ব্যাংক ঋণের সুদ ২৫,০০০ টাকা এবং বাড়িভাড়া ২০,০০০ টাকা বকেয়া ধরে উক্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪